



## প্রেস বিজ্ঞপ্তি

১৪ মে- ২০২৪

### সোনার অলংকার বিক্রয়ে নূন্যতম মজুরী ৬ শতাংশ

ও

### পারচেজে বাদে হার কমালো বাজুস

সাম্প্রতি বাজুসের কার্যনির্বাহী কমিটির সভায় সোনার অলংকার এক্সচেঞ্জ ও পারচেজে বাদে হার ও সোনার অলংকার বিক্রয়ে নূন্যতম মজুরী পুনর্নির্ধারণ করা হয়।

নতুন নিয়মানুযায়ী সোনার অলংকার এক্সচেঞ্জ বা পরিবর্তনের ক্ষেত্রে ১০ শতাংশ ও পারচেজ বা ক্রেতার নিকট থেকে ক্রয়ের ক্ষেত্রে ১৫ শতাংশ বাদ যাবে। উল্লেখ্য ইতোপূর্বে সোনার অলংকার এক্সচেঞ্জ বা পরিবর্তনের ক্ষেত্রে ৯ শতাংশ ও পারচেজ বা ক্রেতার নিকট থেকে ক্রয়ের ক্ষেত্রে ১৩ শতাংশ বাদে নিয়ম কার্যকর ছিল।

এছাড়া বিশ্বের অন্যান্য দেশের সাথে সামঞ্জস্য রেখে সোনার অলংকার বিক্রয়ের সময় নূন্যতম মজুরী ৬ শতাংশ নির্ধারণ করা হয়েছে। উল্লেখ্য সোনার অলংকার বিক্রয়ের সময় ভারতে ১২ শতাংশ, শ্রীলঙ্কায় ৮ শতাংশ, চীনে ১৫ শতাংশ, ইতালিতে ২০ শতাংশ, হংকং এ ৩০ শতাংশ, মালয়শিয়ায় ৩৫ শতাংশ, অস্ট্রেলিয়ায় ২০ শতাংশ, মার্কিন যুক্তরাষ্ট্রে ৬ শতাংশ, যুক্তরাজ্যে ১৪ শতাংশ পর্যন্ত মজুরী গ্রহণ করা হয়।

বাংলাদেশের সকল জুয়েলারী ব্যবসায়ীদের সোনার অলংকার এক্সচেঞ্জ বা পরিবর্তনের ক্ষেত্রে ১০ শতাংশ ও পারচেজ বা ক্রেতার নিকট থেকে ক্রয়ের ক্ষেত্রে ১৫ শতাংশ বাদে নিয়ম কার্যকর এবং সোনার অলংকার বিক্রয়ের সময় ক্রেতার নিকট থেকে ৬ শতাংশ মজুরী গ্রহণ করার অনুরোধ জানানো হলো।

এছাড়া এখন থেকে ক্রেতা সাধারণ জুয়েলারী ব্যবসা সংক্রান্ত যে কোন অভিযোগ ও পরামর্শ এই ইমেইলে [complainfromcustomer@bajus.org](mailto:complainfromcustomer@bajus.org) প্রদান করতে পারবে।

বার্তা প্রেরক

রাশেদ রহমান অমিত  
মিডিয়া এন্ড কমিউনিকেশন স্পেশালিস্ট  
মোবাইলঃ ০১৭৭৪৪৩১৩৮৭